



ক্রীড়া শ্রেষ্ঠ
Excellence in Sports
জিরানী, সাভার, ঢাকা।
প্রশাসন শাখা
www.bksp.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১১.০১২৪.২২.১৪৬

তারিখ: ৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) সম্পূর্ণ অস্থায়ীভাবে সম্মানীভিত্তিতে সহকারী প্রকৌশলী (সিভিল), প্রভাষক, সহকারী শিক্ষক ও ফিজিওথেরাপিস্ট পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বয়স	পদের সংখ্যা	সম্মানী	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সম্মানী ভিত্তিক সহকারী প্রকৌশলী (সিভিল)-০১	অনূর্ধ্ব-৩২ বছর	০১ (এক) টি	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ইঞ্জিনিয়ারিং (সিভিল) এ অনূন স্নাতক ডিগ্রী। তবে শর্ত থাকে যে, প্রকল্প ব্যবস্থাপনা ও সরকারি ক্রয় পদ্ধতিতে বাস্তব কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.	সম্মানী ভিত্তিক প্রভাষক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-০১, পদার্থ বিজ্ঞান-০১	অনূর্ধ্ব-৩২ বছর	০২ (দুই) টি	আলোচনা সাপেক্ষে	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী: (খ) তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।
৩.	সম্মানী ভিত্তিক সহকারী শিক্ষক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-০৩, পৌরনীতি-০১	অনূর্ধ্ব-৩২ বছর	০৪ (চার) টি	আলোচনা সাপেক্ষে	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সম্মান ও বিএড ডিগ্রি/সম্মান অথবা খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রী/সম্মান সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সম্মান গ্রহণযোগ্য হবে। (গ) শিক্ষক নিবন্ধনধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
৪.	সম্মানী ভিত্তিক ফিজিওথেরাপিস্ট-০১	অনূর্ধ্ব-৩২ বছর	০১ (এক) টি	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফিজিওথেরাপিতে স্নাতক ডিগ্রী অথবা ফিজিওথেরাপিতে ডিপ্লোমা। তবে শর্ত থাকে যে, বাস্তব কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

১। আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি ৫x৫ সে.মি সাইজের সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ১২/০২/২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। আগামী ০১/০১/২০২৬ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হবে।

৪। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৫। আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হতে মহাপরিচালক, বিকেএসপি -এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি দেখাতে হবে।

৭। আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইটে (www.bksp.gov.bd) এ পাওয়া যাবে।

৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

২১-০১-২০২৬
মোহাম্মদ সাইফ উল্লাহ
মহাপরিচালক

স-১৬০ (১২x৪)